গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩৫৭০ তারিখ: ৩০/১১/২০২৩ খ্রি.

**বিষয়: ০১/১২/২০২৩ তারিখ থেকে নৈপুণ্য অ্যাপে PI (Performance Indicator) ও BI (Behavioural Indicator) ইনপুটের নির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।**

সূত্র: এনটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.১০১.৩১.০০১.১৯.৪২; তারিখ: ৩০/১১/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নতুন শিক্ষাক্রম অনুযায়ী শিক্ষার্থী মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট ও রিপোর্ট প্রণয়নের জন্য নৈপুণ্য অ্যাপ তৈরি করা হয়েছে। নৈপুণ্য অ্যাপে রেজিস্ট্রিকৃত ২০২৩ শিক্ষাবর্ষের ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের পারিদর্শিতার নির্দেশক ও আচরণিক নির্দেশকে অর্জিত মাত্রা আগামী ১ ডিসেম্বর, ২০২৩ থেকে অ্যাপে ইনপুট দেয়া যাবে। শিক্ষকগণের ইনপুট দেয়ার কাজে সহায়তার জন্য একটি লিখিত নির্দেশনা ও একটি ভিডিও নির্দেশনার লিংক এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, লিখিত নির্দেশনা ও ভিডিও লিংক অনুসরণ করে 'পারদর্শিতার নির্দেশক' (PI) ও 'আচরণিক নির্দেশক' (BI) গুলোর তথ্য ইনপুট দেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** PI ও BI ইনপুটের নির্দেশনা ০৪ (চার) পাতা।

৩০/১১/২০২৩

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮
addshesecondary2@gmail.com

**বিতরণ:**
১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা;
০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল);
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০৬। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৭। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);
০৯। জেলা প্রশাসক (সকল);
১০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);
[পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের অবহিতকরণের অনুরোধসহ]
১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১২। জেলা শিক্ষা অফিসার (সকল);
[পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের অবহিতকরণের অনুরোধসহ]
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
[পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের অবহিতকরণের অনুরোধসহ]
১৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৫। সংরক্ষণ নথি।

# মূল্যায়ন বিষয়ক অ্যাপ 'নৈপুণ্য' ব্যবহার সংক্রান্ত গাইডলাইন

নতুন জাতীয় শিক্ষাক্রম ২০২৩ অনুসারে শিক্ষার্থীদের **শিখনকালীন ও সামষ্টিক** মূল্যায়নের তথ্য সহজে সংরক্ষণ ও স্বয়ংক্রিয়ভাবে রিপোর্ট কার্ড প্রস্তুত করার উদ্দেশ্যে তৈরী করা হয়েছে **'নৈপুণ্য'** মুল্যায়ন অ্যাপ। শিক্ষার্থীদের মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রম সুষ্টভাবে সম্পন্ন করার উদ্দেশ্য সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ **'নৈপুণ্য'** অ্যাপের **'ওয়েব ভার্সনে'** বিভিন্ন **'ব্যবস্থাপনামূলক'** কাজ সম্পন্ন করবেন এবং বিষয়ভিত্তিক শিক্ষকগণ **'মোবাইল অ্যাপ'** এর শিক্ষার্থীদের 'পারদর্শিতা নির্দেশক' (PI) ও 'আচরণিক নির্দেশক' (BI) গুলোর তথ্য প্রদান ও সংরক্ষণ করবেন। শিক্ষার্থীদের মূল্যায়ন কার্যক্রম শেষ হলে পরবর্তীতে বিষয়ভিত্তিক ট্রান্সক্রিপ্ট ও রিপোর্ড কার্ড স্বয়ংক্রিয়ভাবে তৈরি করা যাবে।

**<u>১ম পর্যায়: প্রতিষ্ঠান ব্যবস্থাপনা ও প্রতিষ্ঠান প্রধানের জন্য করণীয়</u>**

- তথ্য-প্রযুক্তিভিত্তিক মূল্যায়ন বিষয়ক অ্যাপ **'নৈপুণ্য'** ব্যবহার করতে হলে ইন্টারনেট ব্রাউজারে গিয়ে master.noipunno.gov.bd লিখে ব্রাউজ করতে হবে।
- একজন প্রতিষ্ঠান প্রধান নিজ মোবাইল নাম্বারে প্রাপ্ত 'ইউজার আইডি' ও 'পিন' ব্যবহার করে 'নৈপুণ্যে'র হোম পেজের 'লগইন' অপশনে তথ্য দিয়ে 'লগইন' করবেন।
- প্রথমবার 'লগইন' করার সময় পূর্বে আপনার মোবাইলে প্রাপ্ত 'পিন' নম্বরটি পরিবর্তন করে আপনার পছন্দের 'পিন' নম্বর সেট করে নিবেন।
- 'লগইন' করার সময় পূর্বের 'পিন' নম্বরটি পরিবর্তন করে প্রতিষ্ঠান প্রধান তার পছন্দের 'পিন' নম্বর সেট করে নিতে পারবেন।

**বিশেষ দ্রষ্টব্য:**

কোন প্রতিষ্ঠান ইআইআইএন (EIIN) বিহীন হলে সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা অফিসের সাথে যোগাযোগ করবে। ইআইআইএন (EIIN) বিহীন প্রতিষ্ঠানগুলো সাত (৭) ডিজিটের একটি ইউজার আইডি পাবেন। তবে এটি কোন ইআইআইএন (EIIN) নাম্বার নয়। বরং এটি একটি সিস্টেম জেনারেটেড নাম্বার।

**'লগইন' করতে কোন সমস্যা হলে '০৯৬৩৮৬০০৭০০' হেল্প লাইনের সাহায্য গ্রহণ করুন।**

**লগইন পরবর্তি করণীয়:**

'লগইন' প্রক্রিয়া সম্পন্ন হলে প্রতিষ্ঠান প্রধান সাতটি (৭) ব্যবস্থাপনা দেখতে পাবেন। এই ব্যবস্থাপনাগুলো 'ব্যবস্থাপনা' ট্যাবের ড্রপ-ডাউন থেকেও দেখতে পাবেন। এই ব্যবস্থাপনার কাজগুলো প্রতিষ্ঠান প্রধানের আইডি থেকে সম্পন্ন করতে হবে।

- **ব্রাঞ্চ ব্যবস্থাপনা:** এই অপশনে ক্লিক করে প্রতিষ্ঠানের ব্রাঞ্চ সংক্রান্ত তথ্য যুক্ত করুন এবং ব্রাঞ্চ প্রধানের নাম উল্লেখ করুন। যদি ব্রাঞ্চ প্রাধনের নাম উল্লেখ না থাকে তাহলে 'শিক্ষক ব্যবস্থাপনা' অপশনে সকল শিক্ষক যুক্ত করার পর ব্রাঞ্চ ব্যবস্থাপনার ড্রপ-ডাউন থেকে প্রতিষ্ঠান প্রধান সিলেক্ট করে নিন।
- **শিফট ব্যবস্থাপনা:** ব্যবস্থাপনা মেনু থেকে 'শিফট ব্যবস্থাপনা' অপশনের ক্লিক করুন। 'শিফট ব্যবস্থাপনা' অংশে প্রতিষ্ঠানের শিফটের তথ্য দিন, সময় ঠিক করুন এবং ব্রাঞ্চ নির্বাচন করুন।
- **ভার্সন ব্যবস্থাপনা:** ব্যবস্থাপনা মেনু থেকে 'ভার্সন ব্যবস্থাপনা' অপশনে ক্লিক করে ব্রাঞ্চ অনুসারে বাংলা/ইংরেজি ভার্সন সিলেক্ট করুন।
- **সেকশন ব্যবস্থাপনা:** ব্যবস্থাপনা মেনু থেকে '**সেকশন ব্যবস্থাপনা'** অপশনে ক্লিক করে সেকশন তৈরির কাজ সম্পন্ন করুন।
- **শিক্ষক ব্যবস্থাপনা:** এই ব্যবস্থাপনা অপশন থেকে আপনার প্রতিষ্ঠানের আওতাভুক্ত শিক্ষকদের সিস্টেমে যুক্ত করুন। ডান পাশের তালিকা থেকে PDS-ধারী শিক্ষকদের তথ্য সিলেক্ট করুন এবং হালনাগাদ করুন। যদি কোন PDS-ধারী শিক্ষকের নাম পিডিএস তালিকায় না পাওয়া যায় তাহলে PDS ID দিয়ে সার্চ করুন, সিলেক্ট করুন এবং হালনাগাদ করুন। এছাড়াও 'শিক্ষকযুক্ত করুন' অপশন থেকে 'পিডিএস বিহীন শিক্ষক' অথবা 'খন্ডকালীন শিক্ষক' অপশন সিলেক্ট করেও প্রয়োজনীয় তথ্য দিয়ে শিক্ষক যুক্ত করা যাবে। এভাবে বিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষককে 'নৈপুণ্য' অ্যাপে যুক্ত করুন।
- **শিক্ষার্থী ব্যবস্থাপনা:** এই অপশনে প্রয়োজনীয় তথ্য দিয়ে সেকশনভিত্তিক শিক্ষার্থীদের এককভাবে যুক্ত করুন। আবার নির্ধারিত/সংযুক্ত এক্সেল ফাইলের সাহায্যে ফরমেট অনুসারে তথ্য দিয়ে একাধিক শিক্ষার্থীর 'নৈপুণ্য'তে যুক্ত করতে পারবেন। সেক্ষেত্রে প্রথমে এক্সেল ফাইলটি ডাউনলোড করে নিন এবং সকল তথ্য দিয়ে আপলোড করুন। এই প্রক্রিয়ার সকল শিক্ষার্থীর তথ্য আপলোড করতে হবে। অন্যথায় মূল্যায়নকালে শিক্ষার্থীদের তথ্য পাওয়া যাবে না।

**বিশেষ দ্রষ্টব্য: ৪ ডিসেম্বরের মধ্যে সকল শিক্ষার্থীদের তথ্য আপলোড সম্পন্ন করতে হবে।**

- **বিষয় শিক্ষক ব্যবস্থাপনা:** এই ব্যবস্থাপনা থেকে প্রতিটি বিষয়ের জন্য ‘বিষয় শিক্ষক’ ড্রপ-ডাউন থেকে নির্বাচন করুন। সকল বিষয়ের শিক্ষক নির্বাচন হয়ে গেলে **তথ্য সংরক্ষন করুন** বাটনে ক্লিক করে তথ্য সংরক্ষণ করুন। আপনি চাইলে **এডিট** অপশনে গিয়ে পুনরায় সেকশনভিত্তিক শিক্ষক সংক্রান্ত তথ্য পরিবর্তন করতে পারবেন এবং কোন শিক্ষককে একের অধিক বিষয়ের জন্য সিলেক্ট করতে পারবেন।

এভাবে প্রতিটি ব্যবস্থাপনার কাজ সম্পন্ন করে ‘নৈপুণ্য’ অ্যাপের ১ম পর্যায়ের কাজ শেষ করতে হবে।

**২য় পর্যায়: শিখনকালীন ও আচরণিক মূল্যায়নের তথ্য ইনপুট ও বিষয় শিক্ষকের জন্য করণীয়**

১ম পর্যায়ে প্রতিষ্ঠান প্রধান সকল শিক্ষককে ‘নৈপুণ্য’ অ্যাপে যুক্ত করার সময় শিক্ষকদের একটি এক্টিভ মোবাইল নাম্বার যুক্ত করে থাকবেন। প্রতিটি শিক্ষক ‘নৈপুণ্য’ সিস্টেমে সরবরাহকৃত উক্ত মোবাইল নাম্বারে তার ইউজার আইডি (user id)ও পিন (pin) নাম্বার পাবেন। এই ইউজার আইডি (user id) ও পিন (pin) নাম্বার ব্যবহার করে শিক্ষকগণ ‘নৈপুণ্য’ অ্যাপের মোবাইল ভার্সনে প্রবেশ করার মাধ্যমে ২য় পর্যায়ের কাজ শুরু হবে। এজন্য কিছু ধাপ অনুসরণ করতে হবে।

- **অ্যাপ ডাউনলোড**: প্রথমে google ‘playstore’ থেকে শিক্ষার্থীদের মূল্যায়ন বিষয়ক অ্যাপ ‘noipunno’ লিখে সার্চ দিন। এরপর ‘noipunno’ অ্যাপটির ‘Download’ অপশনে ক্লিক করলে অ্যাপটি ‘Download’ হয়ে যাবে।
- **অ্যাপের লগইন:** ‘নৈপুণ্য’ অ্যাপটি মোবাইলে ডাউনলোড শেষ হলে অ্যাপটি’তে ক্লিক করলে ‘লগইন’ পেজ দেখতে পাবেন। ‘লগইন’ পেজে আপনার মোবাইলে আগত sms-এর ‘user id’ ও ‘pin’ ব্যবহার করে ‘লগইন’ সম্পন্ন করুন। প্রথমবার লগইন করার পর ‘pin’ পরিবর্তন করে নিন।
- **বিষয় সিলেক্ট ও মূল্যায়ন:** ‘লগইন’ সম্পন্ন হলে শিক্ষকগণ তার ‘ইউজার প্রোফাইল’ দেখতে পাবেন। ‘ইউজার প্রোফাইল’ থেকে শিক্ষকগণ তাদের নির্ধারিত বিষয়গুলো দেখতে পাবেন। তিনি যে বিষয়ের মূল্যায়ন করতে চান সেই বিষয়টি সিলেক্ট করে নিবেন। এখানে বিষয়ভিত্তিক ‘পারদর্শিতার মূল্যায়ন’ ও ‘আচরণিক মূল্যায়ন’ অপশন দুইটি দেখা যাবে। পারদর্শিতার মূল্যায়নের শিখনকালীন মূল্যায়ন, ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও বার্ষিক সামষ্টিক মূল্যায়ন অপশন দেখতে পাবেন। শিখনকালীন মূল্যায়ন থেকে যে শিখন অভিজ্ঞতা/যোগ্যতা/অধ্যায়/পরিচ্ছদের পারদর্শিতা মূল্যায়ন করতে চান সেটি সিলেক্ট করুন। সিলেক্ট করার পর সংশ্লিষ্ট শিখন অভিজ্ঞতা/যোগ্যতা/অধ্যায়/পরিচ্ছদের অন্তর্ভুক্ত পারদর্শিতাগুলো দেখতে। এখানে থেকে নির্দিষ্ট পারদর্শিতা সিলেক্ট করে নিন এবং শিক্ষার্থীদের পারদর্শিতার মাত্রা অনুযায়ী মূল্যায়ন করুন ও সংরক্ষণ করুন।

- **আচরণিক মূল্যায়ন:** ‘পারদর্শিতা মূল্যায়ন’ শেষে ‘আচরণিক মূল্যায়ন’ সিলেক্ট করুন। এরপর শিক্ষার্থীদের মূল্যায়ন করুন এবং রেকর্ড সংরক্ষণ করুন। এভাবে সকল মূল্যায়নের তথ্য দিতে হবে।

উপরোক্ত কাজগুলো সম্পন্ন করার মাধ্যমে একজন শিক্ষক ‘নৈপুণ্য’ অ্যাপের ২য় পর্যায়ের কাজ সম্পন্ন করতে পারবেন।

**বিশেষ দ্রষ্টব্য: প্রতিষ্ঠান প্রধানের করণীয় এবং শিখনকালীন ও আচরণিক মূল্যায়নের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য মূল্যায়ন সংক্রান্ত ভিডিওগুলো দেখুন।**

**ভিডিও লিংক:** **https://youtu.be/1yr17BGUE1k**

**https://youtu.be/4H7pSSIRjOw**

**৩য় পর্যায়: ট্রান্সক্রিপ্ট ও রিপোর্ট কার্ড জেনারেশন**

সকল শিক্ষার্থীদের শিখনকালীন ও আচরণিক মূল্যায়নের তথ্য ইনপুট করা শেষ হলে প্রতিষ্ঠান প্রধানগণ তাদের আইডি থেকে শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক ও আচরণিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট ও রিপোর্ট কার্ড তৈরি করতে পারবেন এবং ডাউনলোড ও প্রিন্ট করে শিক্ষার্থীদের সরবরাহ করতে পারবেন।

ধন্যবাদ!